

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অডিট শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৭.১৮.৭৭

তারিখ: ১৫ কার্তিক ১৪২৫

৩০ অক্টোবর ২০১৮

বিষয়: বরিশাল জেলার সদর উপজেলার লাকুটিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা-এর পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনের ব্রডশীট জবাব এর উপর কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর চূড়ান্ত মতামত ও অনুসরণীয় নির্দেশনা।

সূত্র: ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং:

৫৭.২৫.০০০০.০০৫.০৭.০৩১.১৮-২৫১, তারিখ: ১৬.০৭.২০১৭ খ্রিঃ।

২। জেলা শিক্ষা অফিস বরিশাল-এর স্মারক নং- জেশিঅ/বরি/২০১৭/৯৯৩; তারিখ: ২৪/১০/১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসহ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের ব্রডশীট জবাবের উপর মন্ত্রণালয়ের সিদ্ধান্ত নিম্নরূপ:

১.	প্রতিষ্ঠা সংক্রান্তঃ আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
(ক)	
(খ)	নামকরণ সংক্রান্তঃ প্রতিষ্ঠানটির ব্যক্তির নামে নামকরণ করা হয়নি। আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
(গ)	স্বীকৃতিঃ স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
(ঘ)	ব্যবস্থাপনা কমিটিঃ বর্তমানে ব্যবস্থাপনা কমিটির মেয়াদ উত্তীর্ণের পর কমিটি গঠন তরে নিমিত্ত কমিটির মাধ্যমে মাদ্রাসা পরিচালনা করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
(ঙ)	স্মরণভিত্তিক এমপিও ভুক্তিঃ আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
(চ)	স্টক টেকিংঃ কমিটি গঠন করে প্রতিষ্ঠানের যাবতীয় মালামাল ও অস্বহাবর সম্পত্তির বাৎসরিক স্টক যাচাই করে নিয়মিতভাবে আপডেট সেবে সংরক্ষণ করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে।
(ছ)	রেজিস্টারঃ ফাইল রেজিস্টার চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্টার, ডিম্যান্ড ও রিসিট রেজিস্টার, সাবসিডিয়ারী রেজিস্টারসহ ব্যবহৃত রেজিস্টারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া যেতে পারে। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে।
(জ)	শাখা/শিফটঃ প্রতিষ্ঠানটিতে অতিরিক্ত কোন শাখা/শিফট চালু নাই। আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
(ঝ)	১.নিয়োগ সংক্রান্তঃ আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
	মহিলা কোটাঃ ২০% কোটায় প্রায় ০৩ জন মহিলা শিক্ষক প্রাপ্য। বর্তমানে ০২ জন এমপিওভুক্ত মহিলা শিক্ষক কর্মরত আছেন। ভবিষ্যতে শিক্ষক নিয়োগকালে মহিলা কোটা সংরক্ষণের জন্য সুপার'কে নির্দেশ দেয়া হলো।
(ঞ)	শিক্ষাগত যোগ্যতাঃ পরিদর্শনকালে সকল শিক্ষক-কর্মচারীদের শিক্ষাগত যোগ্যতার সনদ যথাযথ রয়েছে। আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।

(ট)	স্ট্যাফিং প্যার্টাণ্ড: উক্ত প্রতিষ্ঠানের ০৪/০২/২০১০ তারিখের নীতিমালা অনুযায়ী শিক্ষক-কর্মচারী কর্মরত আছে। তবে দাখিল স্তরে পূর্ব থেকে ০২ জন জুনিয়র শিক্ষক কর্মরত ও এমপিওভুক্ত রয়েছে। তারা উদ্ধৃত হিসেবে কর্মরত থেকে বেতনভাতা পেতে থাকবেন। কোন কারণে পদ শূন্য হলে আর কোন লোক নিয়োগ দেয়া যাবে না এবং আলিম মাদ্রাসায় লাইব্রেরীয়ান/সহ: লাইব্রেরীয়ান এর পদ নেই। কিন্তু উক্ত পদে ০২ জন লোক নিয়োগ দেয়া হয়েছে। অবশ্য তারা এমপিওভুক্ত হননি। ভবিষ্যতে এমপিওভুক্ত করা হবে না।
(ঠ)	শিক্ষকতার অভিজ্ঞতা: আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
(ড)	বেতন স্কেল: শিক্ষক-কর্মচারীদের বেতন স্কেল যাচাইয়ে কোন আপত্তি না থাকায় অব্যাহতি দেয়া হলো।
(ঢ)	উপবৃত্তি সংক্রান্ত: উপবৃত্তির টাকা শিক্ষার্থীদের মাঝে সঠিকভাবে বিতরণ করায় আপত্তি নেই বিধায় মতামত প্রয়োজন নেই।
২.	জমি সংক্রান্ত: প্রতিষ্ঠানটির রেকর্ড মোতাবেক জমির পরিমাণ ১.৭২ একর। সমুদয় জমির খাজনা হাল নাগাদ
(ক)	পরিশোধ করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে।
(খ)	গৃহ-কক্ষ সংক্রান্ত: প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো উন্নত করে শিক্ষক মিলনায়তন, বিজ্ঞানাগার ও ছাত্রী মিলনায়তন পাঠাগার ব্যবস্থা সন্তোষজনক করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
(গ)	আসবাবপত্র: সার্মথ্য অনুযায়ী প্রতিষ্ঠানটিতে প্রয়োজনীয় আসবাবপত্রের সংখ্যা বৃদ্ধি করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
৩.	একাডেমিক সংক্রান্ত মন্তব্য:
(ক)	একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলো: ১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে; ২. শিক্ষার্থীদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে; ৩. শ্রেণিকক্ষে শিক্ষকের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে; ৪. শ্রেণির অপেক্ষাকৃত দুর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে; ৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে; ৬. Participatory Method চালু করতে হবে। ৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উপস্থিতি সম্পর্কে অভিভাবকদেরকে অবহিত করতে হবে; ৮. প্রতিষ্ঠানের লেখা-পড়ার মান উন্নত করার লক্ষ্যে পরিচালনা কমিটি ও শিক্ষক মন্ডলী যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখবেন; ৯. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং ১০. শ্রেণি কক্ষে পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে।
(খ)	বিগত ০৩ (তিন) বছরে ঝরে পড়া শিক্ষার্থী: প্রতিষ্ঠানে ঝরে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো। পরবর্তী অডিটে এর প্রতিফলন থাকতে হবে।
(গ)	পরীক্ষা সংক্রান্ত তথ্য ও মন্তব্য:
	১. অভ্যন্তরীণ পরীক্ষা: অভ্যন্তরীণ পরীক্ষার পদ্ধতি ফলাফলের মান মোটামুটি সন্তোষজনক। সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
	২. বোর্ড পরীক্ষা: বোর্ড পরীক্ষার ফলাফলের মান মোটামুটি সন্তোষজনক। সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
	৩. জুনিয়র বৃত্তি পরীক্ষা: জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফলের মান সন্তোষজনক নয়। সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।

(ঘ)	পাঠাগারঃ পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য পরিচালনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলোঃ ১. পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা; ২. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা; ৩. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষন করা; ৪. পাঠাগারের জন্য পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা এবং ৫. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরী করা।
(ঙ)	বৈজ্ঞানিক যন্ত্রপাতিঃ প্রতিষ্ঠানটিতে বিজ্ঞান বিভাগ চালু নেই। বিজ্ঞান বিভাগ চালু করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
(চ)	সহপাঠ কার্যক্রমঃ পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়া, ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণের জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
৪. (ক)	আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্যঃ আয়-ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনা সমূহ যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য কমিটির সভাপতিকে অনুরোধ করা হলোঃ ১.সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যম সম্পন্ন করা; ২.খরচের ভাউচারে কমিটির অনুমোদন সাপেক্ষে গার্ড ফাইলে সংরক্ষণ করা; ৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা; ৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষন করা; ৫. খরচের ভাউচারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা; ৬.বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা; ৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে; ৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করা; ৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডার করতে হবে এবং ১০. প্রতি তিন মাস অন্তর ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পন্ন করে প্রতিবেদন কমিটির অনুমোদনপূর্বক সংরক্ষন করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।
(খ)	তহবিল সংক্রান্ত তথ্য ও মন্তব্যঃ সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ টাকা জমা থাকায় এবং সকলা শিক্ষক-কর্মচারীর নামে ভবিষ্য তহবিল চালু থাকায় আপত্তি থেকে অব্যাহতি দেয়া হলো।
৫. (ক)	বিগত পরিদর্শনঃ প্রতিষ্ঠানের আবাস্তবায়িত সুপারিশসমূহ বাস্তবায়ন করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।
(খ)	মামলা সংক্রান্তঃ প্রতিষ্ঠানের কারো বিরুদ্ধে কোন মামলা চলমান না থাকায় আপত্তি থেকে অব্যাহতি দেয়া হলো।
(গ)	ইভটিজিংঃ ইভটিজিং এর কুফল সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করার লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অধ্যক্ষ'কে নির্দেশ দেয়া হলো।

০২।প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষ'কে নির্দেশনা দিয়ে বিষয়টি নিশ্চিত করার জন্য ম্যানেজিং কমিটির সভাপতি ও অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।



১১-১১-২০১৮

নূরজাহান বেগম
সহকারী সচিব

বিতরণ :

ফোন: ৯৫৭৫২৭২

- ১) মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ইস্কাটন, ঢাকা।
- ২) পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, বরিশাল
- ৪) সভাপতি/সুপার, লাকুটিয়া ইসলামিয়া আলিম মাদ্রাসা, বরিশাল সদর, বরিশাল।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৭.১৮.৭৭/১(৪)

তারিখ: ১৫ কার্তিক ১৪২৫
৩০ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্ম সচিব, অডিট ও আইন অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



১১-১১-২০১৮

নূরজাহান বেগম
সহকারী সচিব